# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**29 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) সুপ্রীম কোর্টের আজ সমগ্র দেশের হাইকোর্টগুলিকে বিভিন্ন মামলার রায় সংরক্ষিত রাখার তিন মাসের মধ্যে রায়দান করার নির্দেশ ।

২) ভারতের বিশ্ব শক্তি হিসেবে পরিগণিত হওয়ার যাত্রার সফলতা তৃণমূল পর্যায়ের উন্নয়ন ছাড়া কল্পনা করা সম্ভব নয় বলে কেন্দ্রীয় পঞ্চায়েতরাজ দপ্তরের প্রতিমন্ত্রী অধ্যাপক এস পি সিং বাঘেলের মন্তব্য ।

৩) রাজ্যে লোকগণনার দায়িত্বে নিয়োজিত আধিকারিক - কর্মচারীদের বদলীর ক্ষেত্রে নিষেধাজ্ঞা ।

এবং

৪) সমগ্র দেশে আগামী তেসরা জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত স্বাভাবিকের চেয়ে কম পরিমানে বৃষ্টিপাত হলেও উত্তর-পূর্বাঞ্চরের রাজ্যগুলিতে ওই সময় স্বাভাবিক বৃষ্টিপাত হবে বলে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের প্রকাশ ।

--------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ সমগ্র দেশের হাইকোর্টগুলিকে বিভিন্ন মামলার কোন রায় সংরক্ষিত রাখার তিন মাসের মধ্যে রায়দান করার নির্দেশ দিয়েছে । রায়দান প্রক্রিয়া বিলম্বিত হলে বিবাদিদের অপূরণীয় ক্ষতি হওয়ার প্রতি লক্ষ্যে রেখে সর্বোচ্চ ন্যায়ালয় এই নির্দেশ দিয়েছে । ব্যাক্তিগত সিদ্ধান্ত গ্রহণ করার প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করে মুখ্য বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচিকে নিয়ে গঠিত ডিভিশন ব্যাঞ্চ বলেছে যে জামিন আবেদনের নির্দেশ আবেদন দাখিল করার দিনেই গৃহিত হওয়া উচিৎ তবে যদি কোন বিশেষ কারণে তা স্থগিত রাখতে হয় তবে এর পর দিনই সেই নির্দেশ ঘোষণা করতে হবে । শীর্ষ আদালত আরো কয়েকটি নির্দেশনা জারী করে বলেছে যে

জামিন অথবা শাস্তির আদেশ ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গে কারাগার কর্তৃপক্ষকে অবগত করতে হবে।

-----------------------------------------------------------------------------------

২০৪৭ সালের মধ্যে ভারতের বিশ্ব শক্তি হিসেবে পরিগণিত হওয়ার যাত্রার সফলতা তৃণমূল পর্যায়ের উন্নয়ন ছাড়া কল্পনা করা সম্ভব নয় বলে কেন্দ্রীয় পঞ্চায়েতরাজ দপ্তরের প্রতিমন্ত্রী অধ্যাপক এস পি সিং বাঘেল আজ মন্তব্য করেছেন । পঞ্চায়েতরাজ মন্ত্রনালয়ের উদ্যোগে আজ গৌহাটিতে সেবা-সে-সমৃদ্ধি শীর্ষক সেবা প্রদান বিষয়ক একটি আঞ্চলিক কর্মশালার উদ্বোধন করে শ্রী বাঘেল বলেন যে গ্রামাঞ্চলের জনসাধারণের সবলীকরণ উন্নয়নের অন্যতম এবং প্রধান মাপকাঠি । তিনি প্রত্যেক ব্যাক্তি যাতে প্রাপ্ত সুবিধা লাভ করতে পারেন সেদিকে লক্ষ্য রেখে পঞ্চায়েতরাজ ব্যবস্থার উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করেন । জনসেবা কেন্দ্র গুলির ভূমিকার ওপর আলোকপাত করে শ্রী বাঘেল বলেন যে এই কেন্দ্র সমূহ প্রশাসন ব্যবস্থাকে জনসাধারণের সঙ্গে সম্পর্ক তৈরী করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে । পঞ্চয়াতের নেতৃত্বে সেবা প্রদান ব্যবস্থার প্রতি সম্মান জানিয়ে আয়োজন করা এই কর্মশালায় মন্ত্রী রামেশ্বর তেলীও উপস্থিত ছিলেন । সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রী বাঘেল বলেন যে ------

( বাইট )

এই কর্মশালায় আসাম সহ অন্ধ্রপ্রদেশ , মধ্যপ্রদেশ , ওড়িষ্যা , পাঞ্জাব , রাজস্থান এবং তেলেঙ্গানার পঞ্চায়েত আধিকারিক , নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধি , গ্রাম পঞ্চায়েত সদস্য ছাড়াও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকরা অংশ গ্রহণ করেন । রাজ্যগুলির শ্রেষ্ঠ প্রদর্শনকারী গ্রাম পঞ্চায়েত এবং চ্যাম্পিয়ান কমন সার্ভিস সেন্টার গুলিকে সংবর্ধনা জানানো হয় ।

-----------------------------------------------------------------------------------

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিংয়ের মৃত্যু বার্ষিকীতে আজ উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ , লোকসভার অধ্যক্ষ ওম বিরলা , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় উপরাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণণ দেশের প্রাক্তন প্রধানমন্ত্রীকে ভবিষ্যৎদর্শী নেতা বলে অভিহিত করে বলেন যে কৃষকদের কল্যাণ এবং দেশের গ্রামাঞ্চলের উন্নয়নের জন্য তিনি তাঁর জীবন উৎসর্গ করেছিলেন ।চৌধুরী চরণ সিংয়ের সামাজিক ন্যায় , গ্রামোন্নয়ন এবং কৃষক সবলীকরণের প্রতি অবদান সর্বদা স্মরণ করা হবে বলে তিনি উল্লেখ করেন ।স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক বার্তায় বলেন যে ভারত রত্ন সম্মানে ভূষিত চৌধুরী চরণ সিং কৃষকদের সমৃদ্ধি এবং কৃষিভিত্তিক

অর্থনীতির সাহায্যে দেশকে নতুন মাত্রা প্রদান করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন ।প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন যে কৃষকদের কল্যাণের প্রতি তাঁর অটল নিষ্ঠার জন্য তিনি জনসাধারণের নেতা হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছিলেন ।

---

গৌহাটি হাইকোর্ট আজ শিল্পী জুবিন গার্গ মৃত্যু মামালায় অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করেছে । বাক্সা জেলা কারাগারে বন্দি থাকা অভিযুক্ত শ্যামকানু মহন্তের জামিন আবেদন সম্পর্কে গত কয়েকদিন থেকে বেশ কয়েকটি শুনানী অনুষ্ঠিত হয় । শুনানীকালে প্রবীন আইনজীবী প্রাণ বরা অভিযুক্তের সপক্ষে যুক্তি প্রদর্শন করার বিপরিতে রাজ্যসরকারের পক্ষে মহাধিবক্তা দেবজিৎ শইকীয়া এর বিরোধীতা করেন । উভয় পক্ষের যুক্তি শুনার পর আদালত আজ শ্যামকানু মহন্তের জামিন আবেদন নাকচ করে । এর আগে ফাষ্টট্রাক আদালতেও শ্যামকানু মহন্তের জামিন আবেদন অগ্রাহ্য করা হয়েছিল । অন্যদিকে , বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্টট্রাক আদলতেও আজ জুবিন গার্গ মৃত্যু মামলার অভিযুক্ত শেখরজ্যোতি গোস্মীর জামিন আবেদন নাকচ করা হয়েছে । অন্য ৪ জন অভিযুক্ত অমৃতপ্রভা মহন্ত , সন্দীপন গার্গ, পরেশ বৈশ্য এবং নন্দেশ্বর বরার জামিন আবেদনের শুনানীও আজ ফাষ্টট্রাক আদালতে সম্পন্ন করা হয় । আগামী ৮ জুন এই ৪ জন অভিযুক্তের জামিন আবেদনের পুনরায় শুনানী গ্রহণ করা হবে ।

---

রাজ্যে আগামী দোসরা আগষ্ট থেকে দুটি পর্যায়ে লোক গণনা আরম্ভ হবে । ১৭ আগষ্ট থেকে গণনাকারী আধিকারিকরা ঘরে ঘরে গিয়ে লোক গণনা করবেন । এই প্রক্রিয়া আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে । সমগ্র প্রক্রিয়ার জন্য ৮৫ হাজার গণনাকারী আধিকারীককে নিযুক্ত করা হয়েছে । রাজ্যের বিভিন্ন জেলায় ২০২৭ এর প্রথম পর্যায়ের গৃহ তালিকা এবং গৃহ গণনা সম্পর্কে প্রশিক্ষণ পর্ব শুরু করা হয়েছে । লোকগণনার প্রতি লক্ষ্যে রেখে এই দায়িত্বে নিয়োজিত আধিকারিক ও কর্মচারীদের বদলির ওপর নিষাধাজ্ঞা আরোপ করা হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব থেকে এই সম্পর্কে একটি পত্র ইতিমধ্যেই রাজ্য সরকার লাভ করেছে বলে রাজ্য কর্মচারী বিভাগের উপ-সচিব মুন্মি শইকীয়া অবগত করেছেন । ইতিমধ্যেই এই সম্পর্কে সাধারণ প্রশাসন বিভাগের সচিব এবং সব জেলা আয়ুক্তদের এই পত্র প্রেরণ করা হয়েছে । এই পত্রে লোক গণনার কাজে নিয়োজিত আধিকারিক ও কর্মচারীদের বদলির ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়েছে । শিলচর সহ তামুলপুর , ধেমাজি এবং মরিগাঁও জেলায় গতকাল থেকে প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ সমগ্র দেশে আগামী তেসরা জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত স্বাভাবিকের চেয়ে কম পরিমানে বৃষ্টিপাত হবে বলে সম্ভাবনা প্রকাশ করেছে । ২০২৬-এর মৌসুমী বায়ু প্রবাহের দ্বিতীয় পর্যায়ের আবহাওয়ার পূর্বাভাস সম্পর্কে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের সঞ্চালক প্রধান মৃত্যুঞ্জয় মহাপাত্র এই কথা জানিয়ে বলেন যে তবে দেশের উত্তর-পূর্বাঞ্চলে এই সময় স্বাভাবিক পরিমানের বৃষ্টিপাত হবে । তিনি বলেন যে উত্তর-পশ্চিম , মধ্য এবং দক্ষিণ নাতিশিতোষ্ণ অঞ্চলে আগামী তেসরা জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত কম পরিমানের বৃষ্টিপাত হবে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর স্পোর্টিং ক্লাবের পক্ষ থেকে আজ লক্ষীপুরের নব নির্বাচিত বিধায়ক কৌশিক রাইকে সংবর্ধনা জানানো হয় । ক্লাবের সভাপতি ডক্টর অনুপ কুমার রায়ের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ বিধায়ক শ্রী রাই-এর বড় সাঙ্গনের বাড়ীতে গিয়ে সংবর্ধনা জানান এবং ক্লাবের ৯০ বছর পূর্তি ও গৌরবময় ইতিহাস নিয়ে আলোচনা করেন । প্রতিনিধি দলে ক্লাবের সাধারন সম্পাদক সিদ্ধার্থ খান , সহ-সভাপতি নির্মল দাস , কোষাধ্যক্ষ সত্যজিৎ দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

বড়খলা আদর্শ মহাবিদ্যালয়ের সমাজতত্ব বিভাগের উদ্যোগে এবং মহাবিদ্যালয়ের আভ্যন্তরীণ গুণমান উৎকর্ষ কোষের সহযোগিতায় আজ পরিবেশ সংরক্ষণের উপর ‘সংরক্ষণম ’শীর্ষক সপ্তাহ ব্যাপী সচেতনতামূলক আনুষ্ঠানের সূচনা করা হয়েছে ।আদর্শ মহাবিদ্যালয়ে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে বিভাগীয় প্রধান ডঃ জয়দীপ গোস্বামী অনুষ্ঠানের বিস্তারিত রূপরেখা নিয়ে আলোচনা করেন । অনুষ্ঠানের মুখ্য অতিথি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সাহাবুদ্দিন আহমেদ পরিবেশ সংরক্ষণ এবং এর প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা নিয়ে বক্তব্য রাখেন ।সপ্তাহব্যাপী অনুষ্ঠানে আগামী প্রজন্মের কাছে পরিবেশ সচেতনতার বার্তা পৌছে দিতে চন্দ্রনাথপুর স্কুল , জারইলতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , জারইলতলা বাজার এবং বাবুবাজার এলাকায় সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হবে এছাড়া বিভিন্ন বিদ্যালয়ে গাছের চারা বিতরণ করা হবে । আগামী ৫ ই জুন সপ্তাহব্যাপী অনুষ্ঠান সমাপ্ত হবে ।

-----------------------------------------------------------------------------------

দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক আমিনুর রশিদ চৌধুরী আজ নিলামবাজার হাসপাতাল পরিদর্শন করে  হাসপাতালের আধিকারীকদের সঙ্গে আলোচনা করেন । পরিদর্শনকালে বিধায়ক শ্রীচৌধুরী হাসপাতালের পরিকাঠামো , রোগীদের চিকিৎসা ব্যবস্থা , ঔষধ

সরবরাহ এবং পরিষেবা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন । পরে আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে বিধায়ক শ্রীচৌধুরী জানান যে সাধারন মানুষকে উন্নত চিকিৎসা পরিষেবা প্রদান করতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহন করা হবে । হাসপাতালে পরিষেবার মান আরো উন্নত করতে প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কাজ করার আশ্বাস দেন বিধায়ক শ্রীচৌধুরী ।

----------------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ বিভিন্ন দাবীর সমর্থনে শিলচরে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয় । স্মারক পত্রে অবিলম্বে শিলচর শহরের ক্যাপিটেল পয়েন্ট থেকে মেডিকেল কলেজ পর্য্যন্ত সড়ক সহ শহরের বিবেকানন্দ রোড , পঞ্চায়েত রোড , কাঠাল রোডের সড়ক নির্মানে দূর্নীতির উপযুক্ত তদন্তের দাবী জানানো হয়েছে । এছাড়া শহরের প্রধান তিনটি খাল যথাক্রমে রাঙ্গিরখাল , লঙ্গাই খাল এবং সিঙ্গেরখাল বৈজ্ঞানিক পদ্ধতিতে খনন করার দাবী জানানো হয়েছে ।

----------------------------------------------------------------------------------------